সাবালক হওয়ার প্রথম পর্যায়ে সিয়াম ভঙ্গ করত, বৃদ্ধ বয়সে এখন কি তা কাযা করবে?

كانت تفطر في رمضان أول بلوغها، فهل تقضيها الآن بعد ما كبرت؟

<বাঙালি - Bengal - بنغالي>

ইসলাম কিউ, এ

الإسلام سؤال وجواب

অনুবাদক: সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ثناء الله نذير أحمد

مراجعة: د/ أبو بكر محمد زكريا

সাবালক হওয়ার প্রথম পর্যায়ে সিয়াম ভঙ্গ করত, বৃদ্ধ বয়সে এখন কি তা কাযা করবে?

প্রশ্ন: আমার মাতার বয়স ৫৫ বছর; কিন্তু অজ্ঞতার কারণে কোনো ওযর ছাড়াই কখনো কখনো তিনি সিয়াম ভঙ্গ করতেন। এখন তিনি সোমবার ও বৃহস্পতিবার সাওম পালন করেন। তিনি কি নফলের নিয়ত করবেন না কাযার নিয়ত করবেন?

উত্তর: আল-হামদুলিল্লাহ

তার জন্য জরুরি প্রবল ধারণার ভিত্তিতে কাযার দিনগুলো গণনা করা এবং কাযার নিয়তে তার সিয়াম পালন করা, যেন দৃঢ় বিশ্বাস হয় যে, তার সকল সিয়ামের কাযা আদায় হয়ে গেছে। এ সত্বেও সম্ভব হলে প্রতি সিয়ামের পরিবর্তে খাদ্য দান করা। এটাই অধিক উত্তম।

এখন যেহেতু সে সোমবার ও বৃহস্পতিবার সিয়াম পালন করে, তার মধ্যেই সে কাযার নিয়ত করবে, যেন তার কাযা পূর্ণ হয়ে যায়।

শাইখ ফাওযানকে জিজ্ঞাসা করা হয়েছিল: কোনো মেয়ে যদি রমযান প্রবেশের পূর্বে সাবালক হয়, আর অজ্ঞতার কারণে তাতে সিয়াম পালন না করে, তার কী করা উচিত? কোনো কারণ ছাড়া ইফতার করার বিধানই কি এর বিধান?

তিনি উত্তরে বলেন: "তার জন্য জরুরি হচ্ছে আল্লাহর কাছে তাওবা করা এবং দিনগুণে তার কাযা করা। আর যদি কাযার আগেই পরবর্তী রমযান চলে আসে, তাহলে প্রত্যেক দিনের পরিবর্তে একজন মিসকীনকে খাদ্য দান করা।" আল্লাহই ভালো জানেন।

সূত্র: المنتقى من فتاوى الفوزان (11/82)